

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১১৮

আগরতলা, ৫ ডিসেম্বর, ২০ ১৮

রাজ্যে ডেয়ারী শিল্পের উন্নয়নে আমূল ইন্ডিয়া  
লিমিটেডের সাথে সচিবালয়ে উচ্চ পর্যায়ের বৈঠক

রাজ্য সরকার আগামী ৩ বছরের মধ্যে ত্রিপুরাকে দুধ উৎপাদনে স্বয়ম্ভর করার লক্ষ্যে যে পরিকল্পনা নিয়েছে তাকে বাস্তবরূপ দেওয়ার লক্ষ্যে আজ সচিবালয়ের ১নং কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আমূল ইন্ডিয়া লিমিটেড-এর সিনিয়র ডেয়ারী এক্সপার্ট ড. এস টি দেশাই-র সঙ্গে আলোচনা করেন। আলোচনাসভায় রাজ্যের মুখ্যসচিব এল কে গুপ্তা, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সচিব রামেশ্বর দাস এবং আমূল ইন্ডিয়া লিমিটেডের অন্যান্য প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। পর্যালোচনাসভায় মুখ্যমন্ত্রী বলেন, সরকার রাজ্যে ডেয়ারী শিল্পকে উন্নত করার লক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। ইতিমধ্যেই রাজ্য সরকার ঘোষণা দিয়েছে ৫ হাজার পরিবারের মধ্যে ১০ হাজার গাভী দেওয়া হবে। নাবার্ড, এস সি ও এস টি কর্পোরেশনের মাধ্যমে ভর্তুকীতে মহিলাদের গাভী ক্রয় করার জন্য ঋণ দেওয়া হবে। এতে স্বল্প সময়ের মধ্যেই ৫ হাজার পরিবারের মধ্যে রোজগারের সুযোগ সৃষ্টি হবে। আগামী ৩ বছরের মধ্যে এই প্রকল্পকে বাস্তবরূপ দেওয়ার জন্য আমূল ইন্ডিয়া লিমিটেডের সর্বতো সহযোগিতা চেয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, আমূল ইন্ডিয়া লিমিটেডের ডেয়ারী শিল্পে ব্যাপক অভিজ্ঞতা রয়েছে। এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে রাজ্য সরকারও ত্রিপুরায় ডেয়ারী শিল্পকে উন্নত করতে চাইছে। পাশাপাশি রাজ্য সরকার ৫ হাজার পরিবারের মধ্যে ১০ হাজার গাভী দেওয়ার যে সিদ্ধান্ত নিয়েছে সেই ব্যাপারেও আমূল ইন্ডিয়া লিমিটেডের প্রয়োজনীয় সহযোগিতা চেয়েছেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, গুজরাটে আমূল ইন্ডিয়া লিমিটেডের ডেয়ারী শিল্প উন্নয়নে সেখানকার মহিলাদের অবদান বেশি। তাই রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে যে গাভীগুলি দেওয়া হবে তাতে মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে। তিনি বলেন, আমাদের রাজ্যে দুধের চাহিদা মেটাতে বহিরাঙ্গ থেকে দুধ আমদানি করতে অনেক টাকা বাইরের রাজ্যে চলে যায়। এই প্রকল্প রূপায়ণের মাধ্যমে রাজ্য দুধ উৎপাদনে স্বয়ম্ভর হলে সে টাকা রাজ্যেই থেকে যাবে। সভায় রাজ্যে ডেয়ারী শিল্পের উন্নয়নে আমূল ইন্ডিয়া লিমিটেডের সিনিয়র ডেয়ারী এক্সপার্ট ড. এস টি দেশাই প্রয়োজনীয় সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন বলে জানান। মুখ্যমন্ত্রী প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সচিবকে নির্দেশ দেন আমূল ইন্ডিয়া লিমিটেডের সঙ্গে সভা করে কিভাবে ডেয়ারী শিল্পের উন্নয়ন করা যেতে পারে সেজন্য পরিকল্পনা নিতে। সভায় আমূল ইন্ডিয়া লিমিটেডের সিনিয়র ডেয়ারী এক্সপার্ট ড. এস টি দেশাই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যকলাপ মুখ্যমন্ত্রীর সামনে তুলে ধরেন।

\*\*\*\*\*